যুগান্তর

তারিখ 26 FEB 2015
পৃষ্ঠা ... কলাম ...

# স্কুলের বহিষ্কৃত সভাপতিকেই ডিও দিলেন এমপি এনামুল

রাজশাহী ব্যুরো

শিক্ষক নিয়োগ বাণিজ্যের মাধ্যমে প্রায় অর্ধকোটি টাকা হাতিয়ে নেয়ার অভিযোগে বিদ্যালয় পরিচালনা কমিটির বহিষ্কৃত সভাপতি মুক্তার হোসেনকে ফের ওই পদে বহালের জন্য ডিও দিয়েছেন স্থানীয় সংসদ সদস্য ইঞ্জিনিয়ার এনামুল হক এমপি। ঘটনাটি ঘটেছে রাজশাহীর বাগমারা উপজেলার চান্দের আড়া উচ্চবিদ্যালয়ে। মুক্তার হোসেনের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্যের অভিযোগ তদন্তে প্রায় ৪০ লাখ টাকা হাতিয়ে নেয়ার বিষয়টি প্রমাণিত হয়। এ কারণে শিক্ষা বোর্ড মুক্তার হোসেনকে সভাপতি পদ থেকে অব্যাহতি দেয়। সেই সঙ্গে শিক্ষা বোর্ড নতুন সভাপতি মনোনীত করে অনুমোদনের জন্য বোর্ডে কাগজপত্র দাখিল করার জন্য নির্দেশ দেয়। এরপর সংসদ সদস্য (রাজশাহী-৪) ইঞ্জিনিয়ার এনামুল হক সভাপতি পদের জন্য স্থানীয় আওয়ামী লীগ নেতা মুনছুর রহমান শেখকে ডিও দেন। পরবর্তী সময়ে মুক্তার ও মুনছুর দু'জনেই আদালতের আশ্রয় নেন।
আদালতেও দোষী সাব্যস্ত হন মুক্তার হোসেন। এরপর দীর্ঘদিন সভাপতির পদটি শূন্য থাকে। এদিকে সেই মুক্তার হোসেনকেই বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি করার জন্য ফের এনামুল হক এমপি ডিও লেটার প্রদান করেছেন। এ কারণে বিদ্যালয়ের অভিভাবক ও পরিচালনা পর্ষদের সদস্যরা ক্ষোভ প্রকাশ করেছেন। এ বিষয়ে চান্দের আড়া উচ্চবিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জামাল উদ্দিন জানান, শিক্ষা বোর্ড যেহেতু চৌধুরী মুক্তার হোসেনকে আহ্বায়ক করার জন্য নির্দেশ দিয়েছেন, সেক্ষেত্রে আমার করার কিছু নেই।